আলমডাঙ্গায় দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

আলমডাঙ্গায় উপজেলা বিএনপির উদ্দ্যোগে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার ১৬ আগস্ট আনন্দধাম রোডের পুরাতন জামে মসজিদে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আক্তার হোসেন জোয়ার্দ্দারের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব শরিফুজ্জামান শরিফ।

প্রধান বক্তা ছিলেন পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু। বিশেষ অতিথি ছিলেন উপজেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আমিনুল হক রোকন, পৌর বিএনপির সাধারন সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, উপজেলা বিএনপির সহসাধারন সম্পাদক মকবুল হোসেন, পৌর বিএনপির সহসাধারন সম্পাদক মহাবুল হক মাস্টার, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক রাশিদুল ইসলাম।

উপজেলা যুবদলের সদস্য সচিব রফিকুল ইসলামের উপস্থাপনায় ইউনিয়ন বিএনপির সভাপতি সম্পাদকের মধ্যে উপস্থিত ছিলেন আব্দার আলী, আমজাদ হোসেন, আলম শাহ, রফিকুল ইসলাম, টিপু সুলতান, মোবাশেরুজ্জামান খান প্রবাশ, আসাদুজ্জামান বকুল, শাহিদুদ্দোজা মিল্টন,বোরহান উদ্দিন, আব্দুর রশিদ, আতাউল হুদা, শফিকুল ইসলাম, আলাউদ্দিন খান, আবু বকর সিদ্দীক, পলাশ আহমেদ, শাহিনুর রহমান, আব্দুল রাজ্জাক রাজা, আলমঙ্গীর হোসেন লালন, পৌর ওয়ার্ড বিএনপির সভাপতি সম্পাদকের মধ্যে হাফিজুর রহমান চমক, আব্দুর জব্বার, সাহেল মাসুদ, আমিরুল ইসলাম পান্নু, আবু জাফর, উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক চৌধুরী জাহাঙ্গীর আলম বাবু, পৌর যুবদলের যুগ্ম আহবায়ক আবএদর, সাইফুল ইসলাম, হাফিজুর রহমান, মিনারুল ইসলাম, রাজু আহম্মেদ, যুবদল নেতা মিলন হোসেন, উপজেলা ছাত্রদল নেতা মাসুদ রানা, রকিবুল ইসলাম টগর,বকুল, মাবুদ, কলেজছাত্রদলের সদস্য সচিব লিমন, যুগ্ম আহবায়ক রাজ প্রমুখ।

[redacted]

[redacted]

মহোদয়কে বলবেন,দু’জন মিলে এটা প্রতিহত করবেন। ডিজিটাল প্রতারণার বিষয়টি আপনারা সচেতন থাকবেন। অনলাইন মার্কেটিংয়ের নামে প্রতারণা করে থাকে । লোভে পড়ে কম মূল্যে পণ্য কিনতে গেলে প্রতারণার শিকার হতে পারেন। প্রতিষ্ঠিত কোম্পানী ছাড়া কোনন পণ্য কিনবেন না।

আনলাইন জুয়ার বিষয়ে আপনারা আপনাদের সন্তানদের সচেতন করবেন। মাদক শুধু মাত্র পুলিশ দিয়ে নির্মূল করা সম্ভব নয়। আপনারা সচেতন হবেন,আপনাদের সন্তানরা যেনো কোন ভাবেই মাদক ব্যবহার না করে সে দিকে খেয়াল রাখবেন

সোনালী ব্যাংক পিএলসি দর্শনা শাখার নতুন ভবনে শুভ উদ্বোধন

সোনালী ব্যাংক পিএলসি দর্শনা শাখার নতুন ভবনের জাকজমকপূর্ণ ভাবে শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১০ টায় দর্শনা রেল বাজার সংলগ্ন আকাশ শপিং কমপ্লেক্সের তৃতীয় তলার নতুন ভবনে এ ব্যাংকের শুভ উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে চুয়াডাঙ্গা সোনালী ব্যাংক পিএলসি শাখার প্রিন্সিপাল অফিসের ডেপুটি জেনারেল ম্যানেজার মোহা: নাজমুল হকের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সংক্ষিপ্ত আলোচনা করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর। এ সময় তিনি বলেন, সোনালী ব্যাংক একটি ঐতিহ্যবাহী জনবহুল ব্যাংক। বাংলাদেশ কেন্দ্রীয় ব্যাংক যে কাজগুলো করে সোনালী ব্যাংক একই রকম কাজ করে। সারাদেশে ডিজিটাল পদ্ধতি চালু হয়েছে ব্যাংকগুলো তার অন্যতম। ব্যাংকগুলো আজ ডিজিটালাইজেশন হয়েছে তাই গ্রাহকরা অনেক সুবিধা পাচ্ছে। সোনালী ব্যাংক বাংলাদেশ উন্নয়নে ব্যাপক ভূমিকা পালন করছে। রুপপুর পারমানবিক বিদ্যুত কেন্দ্রে ৯৪ হাজার কোটি টাকা দিয়েছে এই ব্যাংকটি।

এছাড়া দর্শনা সোনালী ব্যাংক শাখায় ১২৩ কোটি টাকার আমানত

রয়েছে। দিন যত যাচ্ছে তবে এর আমানতে পরিমাণ বাড়ছে। তাই রাষ্ট্রীয় ব্যাংক কলার মধ্যে সোনালী ব্যাংক একটি অন্যতম নির্ভরযোগ্য।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, যশোর পি এল সি জেনারেল ম্যানেজারস অফিসের জেনারেল ম্যানেজার মোহাম্মদ ইকবাল কবির।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামূড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মনসুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, যশোর পি এল সি জেনারেল ম্যানেজারস অফিসের অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার হারুনুর রশিদ। এসময় উপস্থিত অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার চুয়াডাঙ্গা শাখা প্রধান বশির আহমেদ, প্রিন্সিপাল অফিসের এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার শহিদুল ইসলাম, দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হানিফ মন্ডল, বাংলাদেশ জাসদের কেন্দ্রীয় কমিটির সদস্য আনোয়ারুল ইসলাম, দর্শনা বাজার কমিটির সভাপতি টিপু সুলতান, ব্যবসায়ী আনোয়ারুল ইসলাম, অনুষ্ঠান পরিচালনা করেন ব্যাংকের এসপিও শামসুর রহমান।

আলমডাঙ্গায় ৩ বছরের সাজাপ্রাপ্ত আসামী মাসুদ গ্রেপ্তার

মারামারি মামলার গ্রেফতারি পরোয়ানাসহ তিন বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি মাসুদ রানা (৩৪) কে গ্রেফতার করেছে পুলিশ।

মাসুদ রানা উপজেলার হারদি ইউনিয়নের গাঙপাড়ার আনিস উদ্দীনের ছেলে। গতকাল (১৫ আগস্ট) মঙ্গলবার সন্ধ্যায় ইউনিয়নের হারদি বাজার প্রাঙ্গণ থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ।

জানাযায়, গত কয়েক বছর পূর্বে হারদি গ্রামে মারামারি ঘটনায় মাসুদ

রানার বিরুদ্ধে চুয়াডাঙ্গা জেলা আমলী ম্যাজিস্ট্রেট আদালতে মামলা হয়। ঘটনা ও মামলার পরই মাসুদ বিদেশে পাড়ি জমায়। মামলায় হাজিরা না হওয়া ও চলমান থাকায় কোর্ট তার বিরুদ্ধে ৩ বছরের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেন। এছাড়াও তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন।

এ আদেশের ভিত্তিতে উপজেলার হারদি বাজার থেকে মাসুদ রানাকে গ্রেপ্তার করে পুলিশ।

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে শোক দিবস পালন

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচির মধ্যদিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করছে।

গতকাল মঙ্গলবার সকালে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স প্রাঙ্গণে শেখ মুজিবুর রহমানের ম্যুরালে ফুল দিয়ে শ্রদ্ধা জানান আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন ও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) স্নিগ্ধা দাসসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা। একপর্যায়ে উপজেলা প্রশাসনের উদ্যোগে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও কীতির উপর আলোচনা সভা এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে নির্বাহী অফিসার ইউএনও স্নিগ্ধা দাসের সভাপতিত্ব আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

এতে বক্তব্য দেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, উপজেলা ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ, বীরমুক্তিযোদ্ধা মইনুদ্দিন পারভেজ, সমাজ সেবা

কর্মকর্তা নাজমুল হুসাইন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা।

জীবননগর আন্দুলবাড়িয়ার নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানের শপথ গ্রহণ

চুয়াডাঙ্গা জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়ার নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান মির্জা হাকিবুর রহমান শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে । বুধবার বেলা সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে এই শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়।

শপথ বাক্য পাঠ করান চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। আন্দুলবাড়িয়ার নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান মির্জা হাকিবুর রহমান শপথ গ্রহণ শেষে সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং তার দায়িত্ব সঠিক ভাবে পালন করতে পারেন এই জন্য সকলক নিকট দোয়া চান।

এসময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গার স্থানীয় সরকার উপ-পরিচালক শারমিন আক্তার, জীবননগর উপজেলার নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার মোঃ মোতাওয়াক্কিল রহমান, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা বৃন্দ।

দামুড়হুদায় উপজেলা এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে উপজেলার সকল এনজিও সংস্থা নিয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, ব্রাক, ইমপ্যাক্ট ফাউন্ডেশন, জামান সোসাল ফাউন্ডেশন, আশা সংস্থা, আত্নবিশ্বাস, জনকল্যাণ সংস্থা, মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থা, মিতালি নারী কল্যান সমিতি, আদর্শ ফাউন্ডেশন, আর আর এফ সহ উপজেলার বিভিন্ন এনজিও সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সভায় উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা উপজেলার বিভিন্ন এনজিও সংস্থার প্রতিনিধিদের সঠিক ভাবে এনজিও বিষয়ক কার্যক্রম সম্পাদনের বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

দর্শনায় ২৭৭ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনায় পৃথক দুটি মাদক বিরোধী অভিযান চালিয়েছে দর্শনা থানা পুলিশ। এ অভিযানে ২৭৭ বোতল ফেনসিডিল একটি মোটরসাইকেল ও ইজিবাইক জব্দ করা সহ আটক করা হয়েছে জাহিদ হোসেন ও উজ্জল মিয়া নামের দুই মাদক ব্যবসায়ীকে।

এদের মধ্যে উজ্জল মিয়াকে দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঝাডাঙ্গা হতে ও জাহিদ হোসেনকে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের বেগমপুর চিলমারীপাড়া গ্রামের দাখিল মাদ্রাসার সামনে পাকা রাস্তার উপর থেকে গ্রেফতার করে।

পুলিশ জানায়, গতকাল মঙ্গলবার (১৫)আগষ্ট দুপুর ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার সেকেন্ড অফিসার এসআই খান আঃ রহমান সঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ের ঝাঝাডাঙ্গা গ্রামে। এসময় গ্রামের আবুল ফজলের বাড়ির পাশে গলির ভিতর থেকে ভারতীয় ১২০ বোতল ফেন্সিডিল উদ্ধার করে। এ ফেনসিডিলসহ উজ্জল মিয়া (৩৪) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা সহ জব্দ করা হয় একটি ব্যাটারি চালিত ইজিবাইক। গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী উজ্জল মিয়া দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ের ঝাঝাডাঙ্গা গ্রামের আবুল ফজলের ছেলে। গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

অপরদিকে গতকাল মঙ্গলবার ভোর ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই ফাহিম হোসেন সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের চিলমারীপাড়া গ্রামের বেগমপুর দাখিল মাদ্রাসার সামনে পাকা রাস্তার উপর। এসময় একটি মোটরসাইকেল জব্দ করা সহ আমদানী নিষিদ্ধ ১৫৭ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করা হয় জাহিদ হোসেন (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে। গ্রেফতারকৃত জাহিদ হোসেন দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার দক্ষিণ চাঁদপুর গ্রামের শাহ্ পাড়ার হানিফ শেখের ছেলে। গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আয়োজনে শোক দিবস পালিত

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আয়োজনে বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদাৎ বার্ষিকী ও ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

[redacted]

[redacted]